

দৈনিক আজাদী

প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

চট্টগ্রাম কলেজ রোডের উন্নয়ন কাজ পরিদর্শনে সিডিএ চেয়ারম্যান



চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান আবদুছ ছালাম গত রোববার চট্টগ্রাম কলেজ রোডের উন্নয়ন কাজ পরিদর্শন করেন। এ সময় তিনি বলেন, এই প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। তিনি মেয়াদকালের আগেই প্রকল্প কাজ শেষ করার জন্য প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট ঠিকাদারদের নির্দেশ দেন। তিনি বলেন, বহুদারহাট থেকে চকবাজার, চন্দনপুরা, গণি বেকারি, দেওয়ানবাজার, রহমতগঞ্জ, আন্দরকিল্লা, বক্সিরহাট, খাতুনগঞ্জ, স্টেশন রোড, লালদিঘীর পাড় প্রভৃতি গুরুত্বপূর্ণ স্থানে যেতে হলে কাপাসগোলা সড়কের ওপর দিয়ে যাওয়া ছাড়া আর কোনো বিকল্প পথ নেই। এসব দিক বিবেচনা করে কাপাসগোলা রোডের সম্প্রসারণ ও উন্নয়ন (গণি বেকারি হতে বহুদারহাট জংশন) প্রকল্পের আওতাধীন চকবাজার, কলেজ রোড, গণি বেকারি হয়ে সিরাজদৌল্লা রোডের সাথে সংযুক্ত করার পরিকল্পনা নেওয়া হয়। প্রকল্পটি সমাপ্ত হলে বহুদারহাট থেকে অতি অল্প সময়ে চট্টগ্রাম কলেজ, মহসিন কলেজ, চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়, ইসলামিক ইউনিভার্সিটি, কাজেম আলী স্কুলসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও জনসাধারণ বক্সিরহাট, খাতুনগঞ্জ, স্টেশন রোড হয়ে আগ্রাবাদ পৌঁছাতে পারবে।

প্রসঙ্গত, এ প্রকল্পের আওতায় ৯১ কোটি টাকা ব্যয়ে গণি বেকারি হতে বহুদারহাট পর্যন্ত সড়ক ১৮ দশমিক ৩০ মিটার প্রশস্ত করে সম্প্রসারণ ও উন্নয়ন করা হচ্ছে। পরিদর্শনকালে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানের সাথে সিডিএ'র প্রধান প্রকৌশলী নাসির উদ্দিন মাহমুদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী হাসান বিন শামস, প্রকল্প পরিচালক মো. সাহাবুদ্দীনসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। খবর প্রেস বিজ্ঞপ্তির